গাংনীর গাড়াবাড়ীয়াতে যুবকদের উদ্যেগে মসজিদে টুপি বিতরণ

গাংনীর গাড়াবাড়ীয়া গ্রামের একঝাক তরুণদের উদ্যোগে মসজিদে টুপি বিতরণ করা হয়েছে।

শুক্রবার বাদ আসর টুপি বিতরণ অনুষ্ঠানের সূচনা হয়।

এসময় টুপি বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন গাড়াবাড়ীয়া দারুস সালাম জামে মসজিদের ইমাম হাফেজ মাঃ মো: মাহমুদুল হাসান সাহেব ও বিশিষ্ট সমাজ সেবক কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান, মোফাজ্জেত আলী, বিশিষ্ট ব্যাবসায়ী সাজ্জাদ হোসেন পলাশ, জসীম উদ্দীন শাহীন আলম, খাইরুল ইসলাম, মাঝহারুল ইসলাম সেলিম প্রমুখ।

এ সময় ইমাম সাহেব যুবক ভাইদের নামাজে উৎসাহিত করার লক্ষ্যে কথা বলেন। এবং সমাজ মানুষের উপকারে আসতে হবে নামাজ কায়েম করতে হবে। যুবক বয়সের আমল সবচেয়ে আল্লাহ পাকের কাছে দামি তাই সকলে আসুন যুবক ভাইয়েরা বেশি নামাজ পড়ি ভালো কাজ করি।

রেজাউর রহমান জানান, সমাজের উন্নয়ন মুলক কাজে সকল যুবকদের আগে থাকতে হবে। যুবকরা যদি সমাজের ভালো কাজে অংশ না নেই সে সমাজ সবচেয়ে পিছিয়ে থাকে। তাই আসুন আমরা ভালো কাজের পাশাপাশি ৫ ওয়াক্ত সালাত আদায় করি।

এবং বিশেষ ভাবে ধন্যবাদ জানায়য় ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানাকে এমন সকল যুবকদের উদ্যোগ অনুপ্রেরনা যোগানোর জন্য এবং আর্থিক ভাবে, ও বুদ্ধি দিয়ে সবসময় আমাদের পাশে থাকার জন্য।

গাংনীতে নারী পুলিশের মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ গেলো খ্রীষ্টান বৃদ্ধের

নারী পুলিশের বেপরোয়া গতির মোটরসাইকেলের ধাক্কায় নিহত হয়েছেন সাতু মন্ডল (৮০) নামের এক বৃদ্ধ। ঘটনা শোনার পরেও গাংনী থানা পুলিশ তিন ঘন্টা পার হেলো ঘটনাস্থলে পৌঁছায়নি।
নিহত সাতু মন্ডলের বাড়ি মেহেরপুরের গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের মিশনপাড়া এলাকায়।
আজ বৃহস্পতিবার (২৯ এপ্রিল) রাত সাড়ে ৭ টার দিকে পোড়াপাড়া আমঝুপি রাস্তার জুগিন্দা গ্রামের মধ্যে এ দুর্ঘটনা ঘটে। মোটরসাইকেল চালক নারী পুলিশ শিমা খাতুনকে মটরসাইকেলসহ আটক করেছে।
শিমা খাতুন মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের হজরত আলীর মেয়ে। সে বাংলাদেশ পুলিশে কর্মরত। বর্তমানে তার কর্মস্থল ঢাকার একটি থানাতে।
স্থানীয় ধানখোলা ইউপি সদস্য মফিজুল ইসলাম জানান, নিহত সাতু মন্ডল রাস্তার উপর দাড়িয়ে ছিলেন। এসময় শিমা খাতুন নামের ওই নারী পুলিশ সদস্য মোটরসাইকেলে বেপরোয়া গতিতে গিয়ে সরাসরি ধাক্কা মারে। এতে ঘটনাস্থলেই নিহত হন সাতু মন্ডল। এসময় আহতাবস্থায় ওই নারী পুলিশ সদস্যকে উদ্ধার করেছে।
ওই নারী পুলিশ তার নানা বাড়ি জুগিন্দা গ্রামের তাহাজ্জদ আলী ওরফে তাজুর বাড়ি থেকে দ্রূতগতিতে আমঝুপি ফিরছিলেন। স্থানীয়রা জানান, ওই নারী পুলিশ মাদকাসক্ত হিসেবে এলাকাতে পরিচিত।
গাংনী থানার ওসি বজলুর রহমান জানান,সড়ক দুর্ঘটনার ব্যাপারে আমার কাছে কোনো ইনফরমেশন নাই। তিনি আরো বলেন, এখন পর্যন্ত হ্মতিগ্রস্ত পরিবারের পক্ষ থেকে আমাকে কেউ কিছু জানায়নি। এব্যাপারে আমি কিছু বলতেও পারবোনা।

মেহেরপুরে করোনায় আরও এক জনের মৃত্যু, মোট ২০

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আক্রান্ত হয়ে রেহেনা খাতুন
(৬৩) নামের আরও এক জনের মৃত্যু হয়েছে।

তিনি মেহেরপুর জেলার গাংনী উপজেলার মাইলমারি গ্রামের বাসিন্দা। তিনি মেহেরপুর সরকারি হাসপাতালে করোনা ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় দুপুর দুইটার সময় মৃত্যু বরণ করেন। এ নিয়ে জেলায় মৃত্যুর সংখ্যা দাড়ালো ২০ জনে।

এ দিকে আজ নতুন করে কেউ করোনায় আক্রান্ত হয় নি। জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১৩৮ জন। এ পর্যন্ত সর্বমোট পজিটিভ ৯০৮ টি।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ১৮ টি। এর মধ্যে নতুন করে কোন করোনা রোগী শনাক্ত হয়নি। নমুনা পাঠানো হয়েছে ১৮ টি।

এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২২(সদরে-০৮, গাংনীতে- ০৯, মুজিবনগরে- ০৫) জন।

এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৬০১ টি। মৃত্যু- ২০ জন (সদরে- ৯, গাংনীতে- ৯, মুজিবনগরে- ২), সুস্থ্য- ৭৯৮ জন, ট্রান্সফার্ড- ৬৬ জন।

সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

মেহেরপুরে নতুন করে দুই জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ দুই জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৯০৮ জন। ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১৩৮ জন।

নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ২১ টি। এর মধ্যে ০২ টি পজিটিভ (গাংনী-১, মুজিবনগর-১)। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৫৮৩ টি। এর মধ্যে করোনা পজেটিভ ৯০৮ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২৬ (সদরে- ১১, গাংনীতে- ১০, মুজিবনগর- ০৫) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১৯ জন। এ পর্যন্ত সুস্থ্য হয়েছে ৭৯৫ জন।

বিভিন্ন সূত্রে পাওয়া পজিটিভদের পরিচয়- গাংনী উপজেলার মাইলমারির রেহেনা খাতুন (৬৩) ও মুজিবনগর উপজেলার ভবরপাড়ার আফিরন (৫০)।

গাংনীতে আওয়ামী লীগের দু’পক্ষের সংঘর্ষের ঘটনায় আরো এক আসামী গ্রেফতার

গাংনীর সাহারবাটির আওয়ামী লীগের দু পক্ষের সংঘর্ষ ও বোমা হামালার ঘটনায় পাল্টাপাল্টি মামলায় টুটুল পক্ষের একজন এজাহার ভুক্ত আসামী কে গ্রেপ্তার করেছে পুলিশ।

বুধবার সকাল ১০ টার সময় সাহারবাটি মাঠ থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেপ্তারকৃত আসামী হচ্ছেন সাহারবাটি গ্রামের তোকুল হোসেনের ছেলে সাগর আলী(২২)। তাকে মেহেরপুর আদালতে পাঠানো

হয়েছে।

পুলিশ জানায়, গাংনীর সাহারবাটি বাজারে আওয়ামীলীগের দু’গ্রুপে সংঘর্ষ ও বোমা হামলার ঘটনায় উভয় পক্ষ দুটি মামলা দায়ের করেন।

মামলার আসামী সাগর আলী সাহারবাটি মাঠে অবস্থান করছেন এমন গোপন সংবাদের বিভিত্তে তাকে গ্রেফতার করা হযেছে।

পরে তাকে আদালতে সোপর্দ করা হয়। মামলার অন্য আসামীদের গ্রেফতারের চেষ্টা চলছে।

মেহেরপুরে নতুন চার জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও চার জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে এক জন সদরের, দুই জন গাংনী উপজেলার ও বাকি একজন মুজিবনগর উপজেলার বাসিন্দা।

আজ মঙ্গবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২১ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে চার জনের। আর নেগেটিভ আসে ১৭ জনের। নমুনা পাঠানো হয়েছে ১৮ টি।

সূত্রে আরোও জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৬৫৬২ টি, সর্বমোট পজিটিভ ৯০৬ জন, সুস্থ ৭৯৩ জন, মৃত্যু ১৩ জন ও ট্রান্সফার্ড করা হয়েছে ৬৬ জনকে।

বর্তমানে পজিটিভ সংখ্যা ২৬ টি (সদরে ১৩, গাংনীতে ০৯, মুজিবনগরে ০৪)। ১৪ মার্চ ২০২১ থেকে গতকাল পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১৩৬ জন।

ভিন্ন সূরে পাওয়া পজিটিভদের পরিচয়- মেহেরপুর শহরের হোটেল বাজারের আনিসুজ্জামান (৭৫), গাংনী উপজেলার বাঁশবাড়িয়ার ফাজিয়া তাসমিন রেবা (২১),মরিয়ম খাতুন (৪০) ও মুজিবনগর উপজেলার কমরপুরের আসাদুল্লাহ (৬১)।

গাংনীতে আওয়ামী লীগের দু’গ্রুপে সংঘর্ষের ঘটনায় একজন গ্রেপ্তার

মেহেরপুরের গাংনীর সাহারবাটি গ্রামে আওয়ামীলীগের দু’গ্রুপের আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ধাওয়া পাল্টা ধাওয়াহর হামলা ও বোমা বিস্ফোরণের ঘটনায় পাল্টাপাল্টি দুটি মামলা হয়েছে। পুলিশ ইতোমধ্যে ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সাহারবাটি বাজার কমিটির সভাপতি আতাউর রহমান টোকনকে গ্রেপ্তার করেছে।

পুলিশ জানায়, গত ২৪ এপ্রিল সকালে মেহেরপুর জেলা ছাত্রলীগ সহ-সভাপতি রাকিবুল ইসলাম টুটুল ও নৌকা মনোনীত বর্তমান চেয়ারম্যান গোলাম ফারুকের সমর্থকদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। এসময় পাঁচটি বোমার বিষ্ফোরণ ঘটে। আহত হয় উভয় পক্ষের চারজন। এ ঘটনায় উভয় পক্ষ পাল্টা পাল্টি দুটি মামলা দায়ের করেন। চেয়ারম্যান গ্রুপের পক্ষে মাবিয়া মলদারের ছেলে হাফিজুর রহমান বাদী হয়ে ২৬ জনকে আসামী করে একটি মামলা করেন । মামলা নং-২১/২০২১। অপরদিকে গ্রামের শফিকুল ইসলামের ছেলে রাকিবুল ইসলাম টুটুল বাদী হয়ে ২৭ জনকে আসামী করে একটি মামলা দায়ের করেন । যার মামলা নং ২২/২০২১। মামলাটি দুটি তদন্তের দায়িত্ব দেয়া হয়েছে এসআই আব্দুর রাজ্জাক ও এসআই গোলাম মোস্তফাকে।

রাকিবুল ইসলাম টুটুলের দায়েরকৃত মামলার এক আসামী সাহারবাটি গ্রামের মৃত আজাহার আলীর ছেলে ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি এবং সাহারবাটি বাজার কমিটির সভাপতি আতাউর রহমান টোকনকে রবিবার সকালে চারাচারা বাজার থেকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, উভয় পক্ষ মামলা করেছে। আমরা আসামীদেরকে গ্রেপ্তারে জোর চেষ্টা করছি। সাহারবাটিতে আর কোন ঘটনা যাতে না ঘটে সেজন্য পুলিশি টহলের ব্যবস্থা করা হয়েছে।

উল্লেখ্যঃ সাহারবাটি গ্রামে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে স্থানীয় আওয়ামী লীগের দু’পক্ষের সংঘর্ষে ফিল্মি স্টাইলে পুলিশের

উপস্থিতিতে বোমা নিক্ষেপের ঘটনা ঘটে। এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গোলাম ফারুক ও ছাত্রলীগ নেতা রাকিবুল ইসলাম টুটুল পক্ষের মধ্যে গতকাল শনিবার সকাল নয়টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে উভয় পক্ষে চার জন আহত হয়েছে বলে দাবী করা হয়েছে।

মেহেরপুরে করোনায় আরও এক জনের মৃত্যু, মোট ১৯

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আক্রান্ত হয়ে মহিরুল ইসলাম
(৬০) নামের আরও এক জনের মৃত্যু হয়েছে।

তিনি মেহেরপুর জেলার গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের বাসিন্দা। তিনি মেহেরপুর সরকারি হাসপাতালে করোনা ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেন। এ নিয়ে জেলায় মৃত্যুর সংখ্যা দাড়ালো ১৯ জনে।

এ দিকে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১ জন। এ নিয়ে জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১২৭ জন। এ পর্যন্ত সর্বমোট পজিটিভ ৮৯৭ টি।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ০৯ টি। এর মধ্যে নতুন করে ১ জন করোনা রোগী শনাক্ত হয়েছে। নমুনা পাঠানো হয়েছে ১৭ টি।

এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে পজিটিভ সংখ্যা ৩৮(সদরে- ১২, গাংনীতে- ১৭, মুজিবনগরে- ০৯) জন।

এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৬৩৪ টি। মৃত্যু- ১৯ জন (সদর- ৯, গাংনী- ৮, মুজিবনগর- ২), সুস্থ্য- ৭৭২ জন, ট্রান্সফার্ড- ৬৬ জন।
ভিন্নসূত্রে পাওয়া পজিটিভের পরিচয় মেহেরপুরের গোভিপুরের ফাতেমা (৬৬)।

সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

মেহেরপুরে নতুন চার জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও চার জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে দুই জন সদরের ও বাকি দুই জন গাংনী উপজেলার বাসিন্দা।

বুধবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২১ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে চার জনের। আর নেগেটিভ আসে ১৭ জনের। নমুনা পাঠানো হয়েছে ১১ টি।

সূত্রে আরোও জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৬৪৬৯ টি, সর্বমোট পজিটিভ ৮৯৬ জন, সুস্থ ৭৬৭ জন, মৃত্যু ১৮ জন ও ট্রান্সফার্ড করা হয়েছে ৬৪ জনকে।

বর্তমানে পজিটিভ সংখ্যা ৪৫ টি (সদরে ১৫, গাংনীতে ২১, মুজিবনগরে ০৯)। ১৪ মার্চ ২০২১ থেকে গতকাল পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১২৬ জন।

ভিন্ন সূরে পাওয়া পজিটিভদের পরিচয়- মেহেরপুর শহরের ঘাট পাড়ার নয়ন (৩০), দিঘিরপাড়ার আবু বাক্কার (৫৬) ও গাংনী উপজেলার পূর্ব মালশাদহের জিয়াউর রহমান (৩৯),সুমন (৩২)।

গাংনী পৌরসভার উদ্যোগে মাস্ক বিতরণ

মেহেরপুরের গাংনী পৌরসভার উদ্যোগে পথচারীদের মাঝে বিনামুল্যে মাস্ক বিতরণ ও জনসচেতনায় প্রচারাভিযান করা হয়েছে।

গতকার মঙ্গলবার বিকেলে গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী মাস্ক বিতরণ করেন।

এসময় পথচারীদের মাঝে করোনা সংক্রমণ প্রতিরোধে জনসচেতনায় প্রচার চালিয়েছেন মেয়র আহম্মেদ আলী।

তিনি বলেছেন, বিনা প্রয়োজনে কেউ বাহিরে ঘোরাফেরা না করে ঘরে থাকুন। প্রয়োজনের তাগিদে বাহিরে বের হওয়ার আগে মাস্ক পরে বাহিরে বের হবেন। তা না হলে আপনি বা আপনার পরিবার নিরাপদে থাকবেনা।

আপনারা হয়তো জানেন না আপনি বাহির থেকে করোনা নিয়ে বাড়ি ফিরে আপনার পরিবারকে ধ্বংস করছেন। আপনার পরিবারকে সুরক্ষিত রাখার দায়িত্ব আপনার।

মাস্ক বিতণের সময় পৌরসভার নারী কাউন্সিলর ঝর্ণা বেগম, কাউন্সিলর মকছেদ আলী, পৌর স্টাফবৃন্দরা এসময় উপস্থিত ছিলেন।